# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/১৩১ তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩ / ০৮ জুলাই ২০২৬

বিষয় : ট্রাস্ট ম্যানেজিং কমিটি বাতিল প্রসঙ্গে।

সূত্র
১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/১২০, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২৪ খ্রি.
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/৩০, তারিখ: ২৫ জুন ২০২৫ খ্রি.
৩। চেয়ারম্যান, লক্ষীপুর মুহাম্মদী সোসাইটি এর আবেদন, তারিখ: ২৯/০৬/২০২৫ খ্রি.
৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/৪৭, তারিখ: ১৪ জুলাই ২০২৫ খ্রি.
৫। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এর স্মারক নং-০৫.৪২.১৩২২.০০২.০২.০১৮.২৫-৯৩৭, তারিখ: ০৭/১২/২০২৫ খ্রি.
৬। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/১২৭, তারিখ: ১৮ জুন ২০২৬ খ্রি.
৭। লক্ষীপুর মুহাম্মদী সোসাইটি এর পক্ষ থেকে কারণ দর্শানো নোটিশের জবাব, তারিখ: ২৫/০৬/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলাধীন লক্ষীপুর মোহাম্মদিয়া সোসাইটি কর্তৃক পরিচালিত লক্ষীপুর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসার ট্রাস্ট ম্যানেজিং কমিটি জনাব মোঃ মিজানুর রহমান খাঁন কে সভাপতি করে সূত্রোক্ত ১ নং স্মারকে অনুমোদন দেয়া হয়। সভাপতি জনাব মো: মিজানুর রহমান খাঁন কে পরিবর্তন করে জনাব আবু আব্দুল্লাহ মো: হাসান কে সভাপতি মনোনীত করার জন্য সোসাইটির সভাপতি জনাব মাও: মুহাম্মদ হাবীবুল্লাহ বোর্ড ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র দিয়ে আবেদন করলে সূত্রোক্ত ২ নং স্মারকে সভাপতি পরিবর্তন করে পত্র প্রেরণ করা হয়। উক্ত মাদ্রাসার সভাপতি পদ পরিবর্তনের বিষয়ে সূত্রোক্ত ৩ নং স্মারকে লক্ষীপুর মুহাম্মদী সোসাইটির চেয়ারম্যান দাবিদার মোঃ মিজানুর রহমান খান একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুষ্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ৪ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর, চাঁদপুর কে পত্র দেয়া হয়। সূত্রোক্ত ৫ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর, চাঁদপুর মতামতসহ তদন্ত প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন, সোসাইটি কর্তৃক দানকৃত ভূমিতে মাদ্রাসা স্থাপনের সত্যতা পাওয়া যায়নি। বিগত ২৭-১০-২১ তারিখের বামাশিবো/প্রশা/৩৩/৩/চাঁদপুর-১৯১ নং স্মারকে লক্ষীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসায় প্রবিধানমালা-২০০৯ এর ৪৯ ধারা মোতাবেক সংস্থা কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়ার সুযোগ নেই মর্মে উল্লেখ করেন। উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর, চাঁদপুর এর তদন্ত প্রতিবেদনের আলোকে ট্রাস্ট্র ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব চেয়ে কমিটির সভাপতি ও মাদ্রাসার সুপারকে সূত্রোক্ত ৬ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। সূত্রোক্ত ৭ নং স্মারকে সোসাইটির চেয়ারম্যান, সভাপতি ও মাদ্রাসার সুপার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন। জবাবে উল্লেখ করেন, লক্ষীপুর মোহাম্মদীয়া সোসাইটির সিদ্ধান্ত, অর্থায়ন ও পরিচালনাধীনে লক্ষীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা ০১/০১/১৯৯৬ খ্রি. তারিখে চালু হয়। ভূমি দান করেন সোসাইটির চেয়ারম্যান মাওলানা হাবীবুল্লাহ সাহেবের মা ও ভাই। সোসাইটি নিবন্ধীত হয় ২০০৪ সালে, মাদ্রাসাটি স্বীকৃতি পায় ০১/০১/২০০৬ খ্রি. তারিখে এবং এমপিওভূক্ত হয় ০১/০৫/২০১০ সালে। মাদ্রাসা শুরু থেকে স্বীকৃতিপ্রাপ্তি ও এমপিওভূক্তি পর্যন্ত ১৪ বছর যাবৎ শিক্ষক বেতন, গৃহনির্মাণ, ভূমিক্রয়, শিক্ষা উপসকরণসহ যাবতীয় খরচাদি সোসাইটি যোগান দিয়েছে। সোসাইটি একটি স্বেচ্ছাসেবী সংস্থা এবং জনগণের দান অনুদানেই সোসাইটির কার্যক্রম বাস্তবায়িত হয়। সরকারি ভবন ও শিক্ষক এমপিও ছাড়াও দৈনন্দিন বিবিধ খরচাদি, অতিরিক্ত জনশক্তির বেতনাদি সোসাইটির পক্ষ হতে মেটানো হয়। যা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক তদন্ত প্রতিবেদনের মতামতের সাথে ভিন্নতা প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর, চাঁদপুর এর তদন্ত প্রতিবেদনের আলোকে এবং কারণ দর্শানো নোটিশের জবাব সন্তোষজনক না হওয়ায় সূত্রোক্ত ০১ নং স্মারকের অনুমোদিত ট্রাস্ট ম্যানেজিং কমিটি এতদ্বারা বাতিল করা হলো। মাদ্রাসা পরিচালনার স্বার্থে মাদ্রাসা প্রধানকে এডহক কমিটি গঠন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার,
লক্ষীপুর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, চাঁদপুর সদর, চাঁদপুর;

CamScanner

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/১৩১

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩ / ০৮ জুলাই ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চাঁদপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর, চাঁদপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাঁদুপর সদর, চাঁদপুর;
৫. সভাপতি/সদস্যবৃন্দ, ট্রাস্ট ম্যানেজিং কমিটি (বাতিলকৃত), লক্ষীপুর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, চাঁদপুর সদর, চাঁদপুর;
৬. জনাব মোঃ মিজানুর রহমান খান, চেয়ারম্যান, লক্ষীপুর মোহাম্মদী সোসাইটি, চাঁদপুর সদর, চাঁদপুর;
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০৮/৭/২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

CamScanner